এবারের এইচএসসির ফল যথেষ্ট গ্রহণযোগ্য ও ভালো: প্রধানমন্ত্রী

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের ফল নিয়ে সন্তুষ্টি প্রকাশ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এবারের ফল যথেষ্ট গ্রহণযোগ্য ও ভালো।

বুধবার সকাল ১০টায় গণভবনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির কাছ থেকে চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফলের অনুলিপি গ্রহণের পর প্রধানমন্ত্রী বলেন, ‘আমি মনে করি শিক্ষার্থীরা সঠিকভাবে মনোযোগ দিলে তাদের ফল আরও ভালো হবে।’ খবর ইউএনবির

শেখ হাসিনা বলেন, তিনি বিশ্বাস করেন যে উন্নত ও সমৃদ্ধ জাতি বিনির্মাণে এবং ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ গড়তে শিক্ষা হলো সবচেয়ে প্রয়োজনীয় উপাদান। একটি শিক্ষিত জাতি একটি উন্নত, সমৃদ্ধ, দারিদ্র্য ও ক্ষুধামুক্ত দেশ গড়ে তুলতে পারে।

পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সকল শিক্ষার্থীকে অভিনন্দন এবং অনুত্তীর্ণদের ভেঙ্গে না পড়ার আহ্বান জানিয়ে শেখ হাসিনা বলেন, ‘তোমরাও পরবর্তীতে ভালো করার সুযোগ পাবে।’

এদিকে নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার ফল প্রকাশ করায় শিক্ষকসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী।

মুখ্য সচিব মো. নজিবুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল উপস্থিত ছিলেন।